দৈনিক
ইনকিলাব

তারিখ ..... 2. JUN...2009..
পৃষ্ঠা ...১২... কলাম.....৪......

# শিক্ষা ভবনের ৪৫১ কর্মচারীর আমরণ অনশন শুরু

স্টাফ রিপোর্টার : ৪০৫ কন্টিজেন্সি কর্মচারী ও মাধ্যমিক পর্যায়ের ৪৬ জন কর্মচারী নিয়মিতকরণের দাবীতে শিক্ষা ভবন চত্বরে গতকাল (সোমবার) সকাল ৯টা হতে আমরণ অনশন শুরু করেছে। অনশন কর্মসূচীর প্রতি একাত্মতা ঘোষণা করে বাংলাদেশ সরকারী কর্মচারী সমন্বয় পরিষদ, বাংলাদেশ ৪র্থ শ্রেণী সরকারী কর্মচারী সমিতিসহ বিভিন্ন কর্মচারী সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। বক্তব্য রাখেন তোফায়েল আহমেদ, মো: নাছির, নজরুল ইসলাম, শারমিন রহমান, শাহনাজ পারভিন, হাফিজুর রহমান, কফিল উদ্দিন, পুষ্প রানী হাওলাদার, মোশাররফ হোসেনসহ প্রমুখ। বক্তারা বলেন, ৩০/৩৫ বছর চাকরি করে কর্তৃপক্ষের খামখেয়ালীর কারণে তাদের নিয়মিত করা হয়নি। কন্টিজেন্সী কর্মচারীদের নিয়মিতকরণের বিষয়ে সরকারের নির্দেশনা রয়েছে। উন্নয়ন খাতের কর্মচারীদের নিয়মিত করার জন্য প্রধানমন্ত্রী ইতোমধ্যে নির্দেশ দিয়েছেন। অথচ অধিদপ্তর বিষয়গুলো সুরাহা করার জন্য কোন উদ্যোগ গ্রহণ করছে না। বক্তারা বলেন, চাকরি নিয়মিত না হওয়া পর্যন্ত অনশন কর্মসূচী অব্যাহত থাকবে।



*পেনশন গ্রাচ্যুইটি চালুর দাবীতে গতকাল শিক্ষাভবনে মাধ্যমিক ও শিক্ষা প্রতিষ্ঠান কন্টিজেন্সি কর্মচারী নিয়মিতকরণ বাস্তবায়ন পরিষদ আমরণ অনশন কর্মসূচী শুরু করেছে*